



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৪৮

তারিখঃ ০৮/০২/২০২৩

## সংবাদ বিজ্ঞপ্তিঃ

### কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি বৈষম্য রোধ করা জরুরি

কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি বৈষম্য রোধ করা জরুরি। জাতীয় মানবাধিকার কমিশন প্রস্তুতকৃত বৈষম্য বিলোপ আইনে রোগ- ব্যাধির কারণে বৈষম্য রোধ করার বিষয়টি উল্লেখ করা হয়েছে এবং খসড়া আইনে কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি বৈষম্য রোধ করার জন্য ব্যবস্থা গ্রহণের বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য সরকারের নিকট সুপারিশ করা হবে। ০৮ ফেব্রুয়ারি ২০২৩ ইং তারিখে কমিশন কার্যালয়ে জাতিসংঘের কুষ্ঠরোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি বৈষম্য বিলোপ বিষয়ক স্পেশাল রিপোর্টারটির মিজ এলিস ক্রুজ জাতীয় মানবাধিকার কমিশনের সাথে সাক্ষাৎ করতে আসলে এসব কথা বলেন জাতীয় মানবাধিকার কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ। এসময় কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা উপস্থিত ছিলেন।

মিজ এলিস ক্রুজ কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি বৈষম্য রোধ করার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানালে কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন যে, বাংলাদেশে কুষ্ঠ রোগের কথা এখন খুব একটা শোনা যায়না। সরকারের বিভিন্ন ইতিবাচক পদক্ষেপের ফলে এই রোগ এখন বিলুপ্তির পথে যদিও দেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে এই রোগের প্রকোপ দেখা যায়। কুষ্ঠ রোগসহ যেকোন রোগ- ব্যাধিতে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবারের প্রতি সমাজের বৈষম্যমূলক মনোভাব দূরীকরণে সকলের কার্যকর ভূমিকা রাখা প্রয়োজন মর্মে তিনি মনে করেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত /-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ